

## 📃 ইউনুস | Yunus | يُونُس

আয়াতঃ ১০ : ৮৯

## **া** আরবি মূল আয়াত:

## قَالَ قَد أُجِيبَت دَّعَوَتُكُمَا فَاستَقِيمَا وَ لَا تَتَّبِعَنِّ سَبِيلَ الَّذِينَ لَا يَعلَمُونَ ﴿ ١٩٨﴾

## 

তিনি বললেন, 'তোমাদের দো'আ কবূল করা হয়েছে। সুতরাং তোমরা দৃঢ় থাক এবং যারা জানে না তাদের পথ অনুসরণ করো না'। — আল-বায়ান

আল্লাহ তা'আলা জবাব দিলেন, "তোমাদের দু'জনের দু'আ কবূল করা হল, কাজেই তোমরা মজবুত হয়ে থাক, আর তোমরা কক্ষনো তাদের পথ অনুসরণ করো না যারা কিছুই জানে না। — তাইসিরুল

তিনি (আল্লাহ) বললেনঃ তোমাদের উভয়ের দু'আ কবূল করা হল। অতএব তোমরা দৃঢ় থেক এবং তাদের পথ অনুসরণ করনা যাদের জ্ঞান নেই। — মুজিবুর রহমান

[Allah] said, "Your supplication has been answered." So remain on a right course and follow not the way of those who do not know." — Sahih International

- ৮৯. তিনি বললেন, আপনাদের দুজনের দোআ কবুল হল, কাজেই আপনারা দৃঢ় থাকুন(১) এবং আপনারা কখনো যারা জানে না তাদের পথ অনুসরণ করবেন না।
  - (১) দোআর উপর দৃঢ় থাকার অর্থ হচ্ছে, উদ্দেশ্য হাসিলের জন্য তাড়াতাড়ি না করা। আর তাড়াতাড়ি তখনই করবে না যখন মনে প্রশান্তি আসবে। আর প্রশান্তি তখনই আসবে যখন গায়েবী ব্যাপারে যা প্রকাশ পাবে তাতে উত্তমভাবে সম্ভুষ্টি লাভ হবে। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

- (৮৯) তিনি (আল্লাহ) বললেন, 'তোমাদের উভয়ের দুআ কবুল করা হল। অতএব তোমরা অবিচল থাক[1] এবং অবশ্যই তাদের পথ অনুসরণ করো না যাদের জ্ঞান নেই।' [2]
  - [1] এর একটি অর্থ এই যে, তোমরা নিজ বদ্দুআর উপর অবিচল থাকো; যদিও তার বাস্তব রূপ প্রকাশ পেতে দেরী হয়। কারণ তোমাদের দু'আ অবশ্যই কবুল করা হয়েছে। কিন্তু তা কখন বাস্তবায়ন করব, তা একমাত্র আমার ইচ্ছা ও হিকমতের উপর নির্ভরশীল। সুতরাং কোন কোন তফসীরবিদ বর্ণনা করেছেন যে, সেই বদ্দুআর



চল্লিশ বছর পর ফিরআউন ও তার সম্প্রদায়কে ধ্বংস করা হয়েছে। সেই বদ্দুআ অনুযায়ী ফিরআউন যখন পানিতে ডুবতে আরম্ভ করল, তখন সে বলল, 'আমি আল্লাহর প্রতি ঈমান আনছি।' কিন্তু এই ঈমানে তার কোন লাভ হয়নি। এর দ্বিতীয় অর্থ এই যে, তুমি আপন দাওয়াত-তবলীগ, বনী ইস্রাঈলদেরকে পথ প্রদর্শন এবং তাদেরকে ফিরআউনের দাসত্ব থেকে পরিত্রাণ দেওয়ার জন্য চেষ্টা-চরিত্র অব্যাহত রাখ।

[2] অর্থাৎ যারা আল্লাহর নিয়ম-নীতি, তাঁর আইন-কানুন এবং তাঁর কর্মগত কৌশল ও যৌক্তিকতা সম্পর্কে জ্ঞান রাখে না, অবশ্যই তোমরা তাদের মত হয়ে যেয়ো না; বরং এখন অপেক্ষা ও ধৈর্য ধারণ কর, আল্লাহ তাআলা তাঁর নিজ হিকমত ও কৌশল অনুযায়ী অবিলম্বে অথবা বিলম্বে তাঁর প্রতিশ্রুতি অবশ্যই পূর্ণ করবেন। কারণ তিনি প্রতিশ্রুতি ভঙ্গ করেন না ।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1453

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন